


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.৩৮.১১.০০৬.২০১৫/৯২৭৮

তারিখ : ০৪/১০/২০১৬ খ্রি.

গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১৪৭৯ জন উপ সহকারী কৃষি কর্মকর্তা পদে নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ০৭ অক্টোবর, ২০১৬ তারিখে নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। নিয়োগ পদ্ধতি অত্যন্ত স্বচ্ছতার সাথে সম্পন্ন করা হচ্ছে। মেধা এবং প্রচলিত কোটা পদ্ধতির সরকারি বিধান অনুযায়ী যোগ্য প্রার্থীকে নির্বাচিত করা হবে। কাজেই চাকরি প্রদানের প্রলোভনে কোন প্রতারক চক্রের সাথে যোগাযোগ না করতে সংশ্লিষ্ট আবেদনকারীকে পরামর্শ প্রদান করা হলো। চাকরি প্রদান সংক্রান্ত বিষয়ে কোন ব্যক্তি বা চক্র আর্থিক প্রস্তাব প্রদান করলে তা প্রত্যাখ্যান করে দ্রুত নিম্নস্বাক্ষরকারী অথবা আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করতে অনুরোধ জানানো হলো।



মোঃ মনজুরুল হান্নান
পরিচালক
প্রশাসন ও অর্থ উইং
পক্ষে-মহাপরিচালক
ফোনঃ ৯১১১৭৩৮

